

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১০. ২০১৮-১২৪৩

তারিখঃ

১৮ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সাপ্তাহিক ও সরকারি ছুটি বাতিল প্রসঙ্গে।

এডিস মশার বংশবিস্তারের কারণে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। ডেঙ্গু রোগের সংক্রমন হতে নাগরিকদের রক্ষাকল্পে স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থা ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। এর অংশ হিসেবে জনসচেতনতা সৃষ্টি, মশার প্রজননস্থল বিনষ্টকরণ, পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা এবং লার্ভা ও মশা নিধন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

২। এমতাবস্থায়, মশক নিধন অভিযান যথাযথ বাস্তবায়ন, সমন্বয় ও নিবিড় তদারকির মাধ্যমে এ কার্যক্রমকে সফল করার জন্য পুনরাদেশ না দেয়া পর্যন্ত সিটি কর্পোরেশন/পৌরসভাসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের সাপ্তাহিক ও সরকারি ছুটি বাতিলের নিম্নিত্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় আদেশ জারী করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ এরশাদুল হক)

উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র, পৌরসভা।

অনুলিপিঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব ----- মন্ত্রণালয়/বিভাগ
৩. অতিরিক্ত সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪. বিভাগীয় কমিশনার (সকল)।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৭. উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
৮. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা, জেলা।
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।